# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৬

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৯০. সহবাসজনিত অপবিত্রতার পর বিলম্বে গোসল করা সম্পর্কে।

## باب فِي الْجُنُبِ يُؤَخِّرُ الْغُسْلَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ، ح حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، قَالاَ حَدَّثَنَا بُرْدُ بْنُ سِنَانٍ، عَنْ عُبَادَةَ بْنِ نُسَيٍّ، عَنْ غُضَيْفِ بْنِ الْحَارِثِ، قَالَ قُلْتُ لِعَائِشَةَ أَرَأَيْتِ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَغْتَسِلُ مِنَ الْجَنَابَةِ فِي أَوَّلِ اللَّيْلِ أَوْ فِي آخِرِهِ قَالَتْ رُبَّمَا اغْتَسَلَ فِي أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا اغْتَسَلَ فِي آخِرِهِ . قُلْتُ اللَّهُ أَكْبَرُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً . قُلْتُ أَرَأَيْتِ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يُوتِرُ أَوَّلَ اللَّيْلِ أَمْ فِي آخِرِهِ قَالَتْ رُبَّمَا أَوْتَرَ فِي أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ فِي آخِرِهِ . قُلْتُ اللَّهُ أَكْبَرُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً . قُلْتُ أَرَأَيْتِ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَجْهَرُ بِالْقُرْآنِ أَمْ يَخْفِتُ بِهِ قَالَتْ رُبَّمَا جَهَرَ بِهِ وَرُبَّمَا خَفَتَ . قُلْتُ اللَّهُ أَكْبَرُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً .

حكم : صحيح (الألباني

বাংলা

২২৬. মুসাদ্দাদ .... গুদাইফ ইবনুল হারিছ হতে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশা (রাঃ)-কে জিজ্ঞাসা করি যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অপবিত্র হওয়ার পর রাতের প্রথমাংশে গোসল করতেন; না শেষাংশে? তিনি বলেন, তিনি কখনও রাতের প্রথমাংশে এবং কখনও শেষাংশে গোসল করতেন। তখন আমি খুশীতে “আল্লাহু আকবার আলহামদু লিল্লাহিল্লাযী জাআলা ফিল-আমরে সাআতান” বলি (আল্লাহ্ মহান, সহস্ত প্রশংসা তাঁরই- যিনি এ কাজের জন্য প্রচুর সুযোগ রেখেছেন)। আমি পুনরায় জিজ্ঞাসা করি, আপনি কি দেখেছেন যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতের প্রথমাংশে বেতের নামায আদায় করতেন, না শেষাংশে? তিনি [আয়িশা (রাঃ)] বলেন, কখনও রাতের প্রথমাংশে এবং কখনও কখনও শেষাংশে পড়তেন। আমি বললাম,

“আল্লাহু আকবার আলহামদু লিল্লাহিল্লাযী জাআলা ফিল-আমরে সাআতান”। অতঃপর আমি তাঁকে পুনরায় জিজ্ঞাসা করি, বলুন তো- রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরআন তিলাওয়াত উচ্চস্বরে করতেন না চুপে চুপে? তিনি বলেন, কখনো উচ্চস্বরে এবং কখনো নিঃসব্দে। তখন আমি বলি, “আল্লাহু আকবার আলহামদু লিল্লাহিল্লাযী জাআলা ফিল-আমরে সাআতান”। (নাসাঈ, ইবনু মাজাহ)।

## English

Narrated Aisha, Ummul Mu'minin:

Ghudayf ibn al-Harith reported: I asked Aisha: Have you seen the Messenger of Allah (ﷺ) washing (because of defilement) at the beginning of the night or at the end?

She replied: Sometimes he would take a bath at the beginning of the night and sometimes at the end.

Thereupon I exclaimed: Allah is most Great. All Praise be to Allah Who made this matter accommodative.

I again asked her: What do you think, did the Messenger of Allah (ﷺ) say the witr prayer (additional prayer after obligatory prayer at night) in the beginning of the night or at the end?

She replied: Sometimes he would say the witr prayer at the beginning of the night and sometimes at the end.

I exclaimed: Allah is most Great. All praise be to Allah Who made the matter accommodative.

Again I asked her: What do you think, did the Messenger of Allah (ﷺ) recite the Qur'an (in the prayer) loudly or softly?

She replied: Sometimes he would recite loudly and sometimes softly.

I exclaimed: Allah is most Great. All praise be to Allah Who made the matter flexible.

Grade : Sahih (Al-Albani)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16649

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন